# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭১০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১২. যে বলে, মুসল্লীর সামনে দিয়ে মহিলাদের যাতায়াতে সালাত ভঙ্গ হয় না

باب مَنْ قَالَ الْمَرْأَةُ لاَ تَقْطَعُ الصَّلاَةَ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنْتُ بَيْنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَبَيْنَ الْقِبْلَةِ ـ قَالَ شُعْبَةُ أَحْسَبُهَا قَالَتْ ـ وَأَنَا حَائِضٌ

صحيح ، دون قوله (وَأَنَا حَائِضٌ)

قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ الزُّهْرِيُّ وَعَطَاءٌ وَأَبُو بَكْرِ بْنُ حَفْصٍ وَهِشَامُ بْنُ عُرْوَةَ وَعِرَاكُ بْنُ مَالِكٍ وَأَبُو الأَسْوَدِ وَتَمِيمُ بْنُ سَلَمَةَ كُلُّهُمْ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ وَإِبْرَاهِيمُ عَنِ الأَسْوَدِ عَنْ عَائِشَةَ وَأَبُو الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ وَالْقَاسِمُ بْنُ مُحَمَّدٍ وَأَبُو سَلَمَةَ عَنْ عَائِشَةَ لَمْ يَذْكُرُوا " وَأَنَا حَائِضٌ "

বাংলা

৭১০। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর (সালাত আদায়কালে) আমি তাঁর ও কিবলার মধ্যবর্তী স্থানে ছিলাম। শু’বাহ বলেন, আমার ধারণা, ’আয়িশাহ (রাঃ) এটাও বলেছিলেন, আমি তখন হায়িয অবস্থায় ছিলাম। [1]

সহীহ, তবে ’আমি হায়িয অবস্থায় ছিলাম’ এ কথাটি বাদে।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, হাদীসটি ’আয়িশাহ (রাঃ) সূত্রে বিভিন্ন সানাদে বর্ণিত হয়েছে। কাসিম ইবনু মুহাম্মাদ ও আবূ সালামাহ্ কর্তৃক ’আয়িশাহ্ (রাঃ)-এর সূত্রের বর্ণনায় ’আমি তখন হায়িয অবস্থায় ছিলাম’ কথাটুকু উল্লেখ নেই।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

I was sleeping in front of the Prophet (ﷺ) with my legs between him and the qiblah. Shu'bah said: I think she said: I was menstruating.

Abu Dawud said: This tradition has been narrated by al-Zuhri, 'Ata, Abu Bakr b. Hafs, Hisham b. 'Urwah, 'Irak b. Malik, Abu al-Aswad and Tamim b. Salamah; all transmitted from 'Urwah on the authority of 'Aishah. Ibrahim narrated from al-Aswad on the authority of 'Aishah. Abu al-Duha narrated from Masruq on the authority of 'Aishah. Al-Qasim b. Muhammad and Abu Salamah narrated it from 'Aisha. All these narrators did not mention the words "And I was menstruating."

ফুটনোট

[1] এটি একটি সহীহ হাদীস। যা বুখারী, মুসলিম ও অন্যান্য গ্রন্থে বর্ণিত হয়েছে, ‘উরওয়াহ সূত্রে ‘আয়িশাহ থেকে ‘হায়িয শব্দ উল্লেখ বাদে। এর তাখরীজ সামনের হাদীসে আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58028

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন